মেহেরপুরে জিয়াউর রহমানের শাহাদাৎ বার্ষিকী পালন

শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৪২তম শাহাদাৎ বার্ষিকী পালন করেছে মেহেরপুর জেলা বিএনপি।

আজ মঙ্গলবার সকাল ১১ টার সময় শহরের কমিউনিটি সেন্টারে জেলা বিএনপির আয়োজনে শাহাদাৎ বার্ষিকী উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহাফিল অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় সভাপতিত্ব করেন জেলা বিএনপির সভাপতি ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন। বক্তব্য রাখেন, জেলা বিএনপির সিনিয়র সহসভাপতি আব্দুর রহমান, পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস বিএনপির দলীয় নেতা-কর্মীরা।

সাবেক এমপি মাসুদ অরুণ বলেন, সরকারের পদত্যাগ ছাড়া কোন বিকল্প নেই। ইভিএম, ব্যালট বুঝিনা। অনতিবিলম্বে সরকারের পদত্যাগের মাধ্যমে নির্দলীয় নিরপেক্ষ তত্ববধায়ক সরকারের অধীনে একটি সুষ্ঠু নির্বাচন চায় আমরা।

এসময় বিএনপির দলীয় নেতা-কর্মীরা আলোচনা সভা ও দোয়া মাহাফিল কর্মসূচীতে অংশ নেয়।

মেহেরপুরে হত্যা মামলায় তরুণের ১০ বছরের কারাদণ্ড

মেহেরপুর সদর উপজেলার খোকসা গ্রামে মাহিন হত্যা মামলায় তার বন্ধু হাজ্জাজ বিন মানিককে ১০ বছর সশ্রম কারাদণ্ড দিয়েছেন আদালত।

মঙ্গলবার দুপুর ১২ টার দিকে মেহেরপুরের অতিরিক্ত দায়রা জজ আদালতের বিচারক রিপতি কুমার বিশ্বাস এ রায় প্রদান করেন। একই সঙ্গে আসামির ২৫ হাজার টাকা অর্থদণ্ড অনাদায়ে আরও ৬ মাসের

বিনাশ্রম কারাদণ্ড দিয়েছেন আদালত। মামলার অপর আসামী দণ্ডিতের মা হিরাজানকে বেখসুর খালাস দেওয়া হয়েছে।

মামলার বিবরণে জানা গেছে, ২০১৫ সালের ৯ ফেব্রুয়ারি বিকাল ৪ টার সময় স্থানীয় গ্রামের মাঠে ক্রিকেট খেলার সময় মাহিনের ব্যাটে হাজ্জাজ বিন মানিকের সামান্য আঘাত লাগে। এতে ক্ষিপ্ত হয়ে মাহিনের ব্যাট কেড়ে নিয়ে মাথায় আঘাত করে মানিক। মাহিনকে রক্তাক্ত অবস্থায় উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়। পরে সেখান থেকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়। কুষ্টিয়া মেডিক্যালে অবস্থার অবনতি হলে সেখান থেকে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে রেফার্ড করেন চিকিৎসক। সেখানে ৭ দিন চিকিৎসার পর ১৬ ফেব্রুয়ারি মারা যায় মাহিন। এ ঘটনায় নিহত মাহিনের মামা মাহাবুব হোসেন বাদী হয়ে হাজ্জাজ বিন মানিক ও তার মা হিরাজানকে আসামি করে মেহেরপুর সদর থানায় একটি হত্যা মামলা দায়ের করেন।

মামলার তদন্ত শেষে সদর থানার এসআই মেজবাহ উর দারাইন আদালতে চার্জশীট প্রদান করেন। পরে মামলাটি সিআইডিতে হস্তান্তর হলে সিআইডির উপপরিদর্শক হাসান ইমাম তদন্ত শেষে আদালতে অভিযোগ দাখিল করেন।

মামলায় সরকারি পক্ষের আইনজীবী ছিলেন অতিরিক্ত পাবলিক প্রসিকিউটর কাজী শহিদুল হক এবং আসামী পক্ষে মিয়াজান আলী আইনজীবীর দায়িত্ব পালন করেন।

মেহেরপুরে পুলিশের অভিযানে গ্রেফতার-৬

মেহেরপুরে পুলিশের ১২ ঘন্টার নিয়মিত অভিযানে বিভিন্ন মামলার ৬ আসামি গ্রেফতার হয়েছে।

আসামিদের মধ্যে গাংনী থানা পুলিশের অভিযানে ৩ জন, সদর থানা পুলিশের অভিযানে ২ ও মুজিবনগর থানা পুলিশের অভিযানে ১ জন

গ্রেফতার হয়েছে।

গতকাল সোমবার সন্ধ্যারাত থেকে আজ মঙ্গলবার (৩০ মে) ভোররাত পর্যন্ত জেলার বিভিন্ন স্থানে পুলিশের পৃথক টিম অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্ত (ওসি) আব্দুর রাজ্জাক, সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্ত (ওসি) সাইফুল ইসলাম ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্ত (ওসি) মেহেদী রাসেলের নেতৃত্বে গ্রেফতার অভিযান চালানো হয়।

আজ মঙ্গলবার দুপুরের দিকে আসামিদের আদালতে সোপর্দ করা হয়েছে।

মুজিবনগরে বিদ্যালয় পরিচালনা কমিটির সাথে সভা ও পুরস্কার বিতরণী

মুজিবনগরে উপজেলার প্রাথমিক বিদ্যালয়ের পরিচালনা কমিটির সাথে সভা এবং প্রাথমিক বিদ্যালয় ও শিক্ষকদের নিজ নিজ ক্ষেত্রে অসামান্য অর্জনের জন্য পুরস্কার প্রদান করেছে গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি।

গতকাল সোমবার বিকেলে গুডনেইবারর্স বাংলাদেশ বল্লভপুর প্রজেক্ট অফিসের আয়োজনে, মুজিবনগর উপজেলা অডিটরিয়ামে এই সভা ও পুরস্কার বিতরণের আয়োজন করা হয়।

গুডনেইবারর্স মেহেরপুর সিডিপি এর সিনিয়র অফিসার (প্রোগ্রাম) রিফাত আল মাহমুদ এর সঞ্চালনায় এবং গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি বল্লভপুর প্রজেক্ট অফিসের ম্যানেজার বিভব দেওয়ানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা প্রাথমিক শিক্ষা

অফিসার মোহাস্মদ আলাউদ্দীন,
সভায় উপজেলা ১০ টি স্কুলের প্রধান শিক্ষক, ১ জন সহকারি শিক্ষক এবং ১ জন এসএমসি সদস্য অংশ গ্রহন করেন। নিজ নিজ ক্ষেত্রে অসামান্য অর্জনের জন্য আনন্দবাস সরকারি প্রাথমিক বিদ্যালয়, কেদারগঞ্জ সরকারী প্রাথমিক বিদ্যালয় এবং বাগোয়ান সরকারী প্রাথমিক বিদ্যালয় কে পুরস্কৃত করা হয়।

সেই সাথে উপজেলার ভালো শিক্ষক হিসেবে অসামান্য অবদানের রাখার জন্য ভবানীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আমিনুর রহমান কে শ্রেষ্ঠ প্রধান শিক্ষক, বল্লভপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের জমিরুল শেখ শ্রেষ্ঠ সহকারী শিক্ষক এবং মুজিবনগর মডেল সরকারী প্রাথমিক বিদ্যালয়ের খদেজা খাতুনকে শ্রেষ্ঠ সহকারী শিক্ষকের পুরস্কার প্রদান করা হয়।

সেই সাথে অংশগ্রহণকারী সকল প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের হাতে বিশেষ পুরস্কার তুলে দেওয়া হয়।

মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের বর্ধিত সভা

মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের সদস্য সংগ্রহ ও নবায়ন কর্মসূচির উদ্বোধন সহ বর্ধিত সভার আয়োজন করা হয়।

আজ সোমবার বিকেলে মেহেরপুর কমিউনিটি সেন্টারে এই সভার আয়োজন করা হয়।

বাংলাদেশ আওয়ামী স্বেচ্ছাসেবক লীগ মেহেরপুর জেলার আহবায়ক মোঃ আরিফুল ইসলাম সোবানের সভাপতিত্বে এবং বাংলাদেশ আওয়ামী স্বেচ্ছাসেবক লীগ মেহেরপুর জেলার সদস্য সচিব মোঃ বারিকুল ইসলাম লিজনের সঞ্চালনায় প্রধান অতিথি হিসাবে ভার্চুয়ালি জুম মিটিং এর মাধ্যমে উপস্থিত ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ও মেহেরপুর ১ আসনের সংসদ সদস্য ফরহাদ হোসেন এমপি।

উদ্বোধক হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের সহ-সভাপতি সৈয়দ নাসির উদ্দিন, প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক মোবাশ্বের চৌধুরী, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাবেক ছাত্রনেতা ও সংগঠনিক সম্পাদক আব্দুল্লাহ আল সায়েম, বিশেষ বক্তা হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের জাতীয় পরিষদের সদস্য মোঃ সোহেল মাহমুদ মৃধা,সদর থানা স্বেচ্ছাসেবক লীগের আহবায়ক সানোয়ার হোসেন, মেহেরপুর শহর স্বেচ্ছাসেবক লীগের সভাপতি জুয়েল, মেহেরপুর সরকারি কলেজ ছাত্রলীগের সাবেক সভাপতি তৌহিদুল ইসলাম, গাংনী পৌর স্বেচ্ছাসেবক লীগের সভাপতি জীবন আকবর, সদর থানা স্বেচ্ছাসেবক লীগের যুগ্ন আহবায়ক ওয়াসিম আহমেদ সহ বিভিন্ন নেতাকর্মী উপস্থিত ছিলেন।

গাংনীর কাথুলী ইউপি তে ২০২৩-২৪ অর্থ বছরের উন্মুক্ত বাজেট ঘোষনা

গাংনীর কাথুলী ইউনিয়ন পরিষদে ২০২৩-২০২৪ অর্থ বছরের উন্মুক্ত বাজেট ঘোষনা করা হয়েছে।

আজ সোমবার সকাল ১১ টার সময় ইউনিয়ন পরিষদের হলরুমে উন্মুক্ত বাজেট ঘোষনা অনুষ্ঠিত হয়। কাথুলী ইউনিয়ন পরিষদের সচিব আব্দুল মতিন বাজেট ঘোষনা করেন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা এ সময় উপস্থিত ছিলেন ইউপি সদস্য বাবুল হোসেন, জিনারুল ইসলাম, আশরাফুল ইসলাম, আনারুল ইসলাম আনার,ফারুক আহমেদ, হুছাইন মাহমুদ, টুটুল হোসেন, কাবের আলী, আনারুল ইসলাম, ও মহিলা সদস্যা বৃন্দ।

বাজেট ঘোষনা অনুষ্ঠানে ইউনিয়নের বিভিন্ন প্রান্ত থেকে গন্যমান্য

ব্যাক্তিবর্গ উপস্থিত ছিলেন। কুতুবপুর স্কুল এন্ড কলেজের সহকারী শিক্ষক রেজাউর রহমান, জয়নাল আবেদীন, প্রবীণ আওয়ামী লীগ নেতা কুতুবউদ্দিন, হাফিজুর রহমান সহ আরো অনেকেই।

২০২৩-২৪ অর্থ বছরে উন্মুক্ত বাজেটে ১,৫৭,১৯,৫০০ টাকা ধার্যকৃত বাজেট ঘোষনা করেন।

গাংনীর বামন্দী দাখিল মাদ্রাসার ৩ ছাত্রী নিরুদ্দেস

গাংনী উপজেলার বামন্দী দাখিল মাদ্রাসার তিন ছাত্রী নিরুদ্দেশ হয়েছে। গতকাল ২৮ মে রবিবার সকালে মাদ্রাসার উদ্যেশ্যে বের হয়ে আর বাড়ি ফিরে আসেনি।

নিরুদ্দেশ ওই তিন ছাত্রীরা হলেন, দেবীপুর গ্রামের স্বপ্না, সূর্বণা ও সুমাইয়া।

২৪ ঘন্টা পার হলেও এখন পর্যন্ত ওই তিন ছাত্রীর কোনো খোঁজ মেলেনি। অবশেষে ওই তিন ছাত্রীর মধ্যে একজনের পিতা গাংনী থানায় সাধারণ ডাইরি (জিডি) করেছেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক সাধারণ ডাইরির বিষয় নিশ্চিত করেছেন।

স্থানীয় বামন্দী ইউনিয়নের দেবিপুর গ্রামের ইউপি সদস্য হিরক আহমেদ জানান, উপজেলার বামন্দী ইউনিয়নের দেবীপুর গ্রামের বানারুল ইসলামের মেয়ে ও বামন্দী দাখিল মাদ্রাসার অষ্টম শ্রেনীর ছাত্রী স্বপ্না খাতুন (১৪), একই গ্রামের সাইদুল ইসলামের মেয়ে ও একই মাদরাসার নবম শ্রেনীর ছাত্রী সূবর্ণা খাতুন(১৫), এবং জামরুল ইসলামের মেয়ে নবম শ্রেনীর ছাত্রী সুমাইয়া খাতুন (১৫)। উধাও ওই ৩ ছাত্রী একই সঙ্গে প্রতিদিন মাদ্রাসায় যাওয়া-আসা করতেন বলে জানিয়েছে তার অভিভাবকরা।

নিখোঁজ ছাত্রীদের পরিবার সূত্রে জানা যায়, গতকাল রোববার (২৮

মে) সকালে স্বপ্না, সূর্বণা ও সুমাইয়া নিজ বাড়ি থেকে বামন্দী দাখিল মাদ্রাসায় যাওয়ার উদ্দেশ্যে স্কুল ব্যাগ কাধে নিয়ে বের হয়। সন্ধ্যা হয়ে গেলেও তারা বাড়ি ফিরে না আসায় উদ্বিগ্ন হয়ে পড়ে তাদের পরিবার।

স্থানীয় ইউপি সদস্য হিরক আহমেদ বলেন, নিখোঁজ ৩ জনের বাড়ি দেবীপুর গ্রামে পাশাপাশি। তারা একসাথে লেখাপড়া-খেলাধুলা করে। হঠাৎ গতকাল তারা মাদ্রাসা থেকে বাড়িতে ফেরেনি। আমরা গ্রামের মানুষ অনেক খোঁজাখুঁজি করেছি তবুও তাদের সন্ধান মেলাতে পারিনি।

বামন্দী দাখিল মাদ্রাসার সুপার মোঃ আমিরুল ইসলাম বলেন, আমি শারীরিক অসুস্থতার কারনে গতকাল মাদ্রাসায় যেতে পারিনি। তবে খোঁজ নিয়ে জেনেছি আমাদের প্রতিষ্ঠানের তিন ছাত্রী সুমাইয়া, সূবর্ণা ও স্বপ্না তাদের কেও গতকাল মাদ্রাসায় উপস্থিত হয়নি এবং তাদের সন্ধান পাওয়া যাচ্ছে না।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক বলেন, তিন ছাত্রীর পরিবারের লোকজন এসে একটা জিডি করেছে। তারা নিজেরাই নিরুদ্দেস হয়েছে কিনা সেটাও ভাবা হচ্ছে। তবে, তাদের উদ্ধারে জোর চেষ্টা চালানো হচ্ছে।

মেহেরপুরের টেঙরামারিতে সড়ক নির্মাণে অনিয়মের অভিযোগ

মেহেরপুর সদর উপজেলার টেঙরামারি গ্রামে প্রায় ১৬ লক্ষ টাকা ব্যয়ে ৪৩৪ মিটার সড়ক নির্মাণে অনিয়মের অভিযোগ উঠেছে ।

ইট সহ বিভিন্ন উপকরণ নিম্নমানের দেওয়া হয়েছে বলে অভিযোগ করেছে স্থানীয়রা। গতকাল রবিবার সকালে সরে জমিন গিয়ে দেখা যায় খোয়া দিয়ে রোলারিংয়ের যে কাজটি করা হয়েছে তাতে ২ ও ৩ নম্বর ইট রয়েছে।

আমদহ ইউনিয়নের স্থানীয় ইউপি সদস্য মোকাদ্দেস আলী জানান, স্থানীয় জনগণ বিষয়টি আমাকে জানালে আমি সরেজমিন সেখানে যায় এবং দেখি যে

বেশিরভাগ ইটগুলোই ৩ নম্বর।
স্থানীয় আনসার আলী বলেন বেশিরভাগই কামা ইট দিয়ে রাস্তা তৈরি করা হচ্ছে।

নাম প্রকাশ না করার শর্তে বেশ কয়েকজন স্থানীয় জনগণ জানান তিন নম্বর ইট দিয়ে রাস্তা তৈরি করাই গ্রামের একজন প্রতিবাদ করতে গেলে ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি রুস্তম আলী ও তার ছেলে হীরা তার উপর চড়াও হয়।

স্থানীয় আরো একজন বলেন, এই কাজের দেখভাল করে স্থানীয় আওয়ামী লীগ সভাপতি রুস্তম আলী। তিনি না চাইলে কখনোই এই নিম্নমানের উপকরণ দিয়ে রাস্তা তৈরি সম্ভব ছিল না।

স্থানীয় ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি রুস্তম আলী বলেন এই কাজে দুই থেকে তিন ট্রলি তিন নম্বর ইট দেয়া হয়েছে বাকিগুলো সব ঠিক আছে। তিনি আরো বলেন অন্যান্য রাস্তা গুলো যেরকম হয় এ রাস্তা সেভাবে তৈরি হচ্ছে।

স্থানীয় সাব ঠিকাদারের ম্যানেজার ফারুক হোসেন অনিয়মের অভিযোগটি সম্পূর্ণ মিথ্যা দাবি করে তিনি বলেন অফিস থেকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ আসার পরেই তারা রাস্তায় খোয়া দিয়ে রোলারিং এর কাজ শুরু করেছেন।

বাস্তবায়নকারী সাব ঠিকাদার জুয়েল বিশ্বাস বলেন নির্মাণ উপকরণ এর দাম বৃদ্ধি পাওয়ায় রাস্তা নির্মাণের ক্ষেত্রে একটু কম বেশি করা হচ্ছে।

সদর উপজেলা প্রকৌশলী শাহীন আক্তার বলেন আমি অফিসের বাইরে আছি তথ্য জানতে হলে অফিসে আসেন।

মুজিবনগর সীমান্তে ভারতীয়

রুপিসহ যুবক আটক

মুজিবনগরের ভারতীয় সীমান্ত থেকে শরিফুল ইসলাম (২৮) নামের এক বাংলাদেশীকে আটক করেছে বিজিবি’র মুজিবনগর বিওপি ক্যাম্প।

আটক শরিফুল ইসলাম মুজিবনগর উপজেলার মাঝপাড়া এলাকার সাহাবুদ্দীনের ছেলে।

মাঝপাড়া ও ভারতের হৃদয়পুর সীমান্ত পিলার ১০৫/৩ এ এর নিকট থেকে তাকে আজ সোমবার দুপুরের দিকে আটক করা হয়।

৬ বিজিবির মুজিবনগর বিওপি কোম্পানী কমান্ডার সুবেদার মিজানুর রহমানের নেতৃত্বে বিজিবির একটি টহল দল তাকে আটক করেন।

মুজিবনগর বিওপি কোম্পানী কমান্ডার সুবেদার মিজানুর রহমান জানান, সীমান্তের নোম্যানসল্যান্ডের কাছে শরিফুল ইসলামকে সন্দেহজনকভাবে ঘোরাফেরা করছিলো। পরে বিজিবির টহল দলের সামনে পড়লে তাকে আটক করে। এসময় তার কাছ থেকে ১৪০০ ভারতীয় রুপি উদ্ধার করা হয়।

এঘটনায় মুজিবনগর থানায় মামলা দিয়ে আদালতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্টের ট্রফির মোড়ক উন্মোচন

আড়ম্বর পরিবেশে মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্ট-২০২৩ এর ট্রপির মোড়ক উন্মোচন করা হয়েছে।

আজ সোমবার (২৯ মে) বেলা দেড়টার সময় মেহেরপুর পৌর কমিউনিটি হলে টুর্নামেন্টের ট্রফির মোড়ক উন্মোচন করা হয়।

এসময় প্রতিযোগীতায় অংশগ্রহণকারী ১৬ টি ফুটবল একাদশকে একটি করে ফুটবল প্রদান করা হয়।

মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্টের আহবায়ক প্রাক্তন মো. ফুটবলার এমদাদুল হকের সভাপতিত্বে অনুষ্ঠিত ট্রফি মোড়ক উন্মেচন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর পৌরসভার মেয়র মাহফুজুর রহমান রিটন।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন, বীর মুক্তিযোদ্ধা ক্যাপ্টেন আব্দুল মালেক (অব), বীরমুক্তিযোদ্ধা ও প্রাক্তন কৃতি ফুটবলার ইঞ্জিনিয়ার নুরুল ইসলাম, মেহেরপুর পৌর সভার সাবেক মেয়র আব্দুর রহমান, অবসরপ্রাপ্ত শিক্ষক ও প্রাক্তন ফুটবলার আব্দুর রহমান, অবসরপ্রাপ্ত ব্যাংক কর্মকর্তা আব্দুস ছামাদ।

ফুটবল টুর্নামেন্টের সদস্য সচিব মাহাবুব চান্দুর সঞ্চালনায় অনুষ্ঠিত আলোচনা সভায় স্বাগত বক্তব্য রাখেন মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন।

মেহেরপুরের সিনিয়র সাংবাদিক রফিক উল আলম, তোজাম্মেল আযম, বিভিন্ন ফুটবল টিমের সদস্যসহ বিভিন্ন প্রিন্ট, টেলিভিশন ও অনলাইন পোর্টালের সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।